যুগান্তর

FEB. 19 2002

FEB. 19 2002

তারিখ ১৯। ... পৃষ্ঠা ১ ... কলাম ... ৬ ...

# ডাক্তারদের উচ্চ শিক্ষার ভর্তি পরীক্ষায় নজিরবিহীন দুর্নীতি

মনিরুজ্জামান উজ্জ্বল

বাংলাদেশের চিকিৎসা শিক্ষার সর্বোচ্চ ডিগ্রি এমডি, এমএস ভর্তি পরীক্ষায় নজিরবিহীন দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। ভর্তির বিজ্ঞপ্তিতে যে বিষয়ে আবেদন করতে বলা হয়নি, এমন দুটি বিষয়ে ঢাকা মেডিকেল কলেজ ও স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজে ২০ জন ছাত্রছাত্রীকে ভর্তি করা হয়েছে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেনি এমন ছাত্রছাত্রীদেরও রেজাল্টশিট থেকে অন্যদের রোল কেটে হাতে লিখে নাম অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া যাদের নাম ওয়েটিং লিস্টে ছিল না এমন ৩০ জন ছাত্রছাত্রীকে বিভিন্ন বিষয়ে ভর্তির সুযোগ দেয়া হয়েছে। এই

দুর্নীতি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

## দুর্নীতি : ডাক্তার

(১ম পৃষ্ঠার পর)

দুর্নীতির কারণে বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার তদন্ত পরিচালক অ্যাডভোকেট এলিনা খান কেন ভর্তি পরীক্ষা বাতিল করা হবে না ও দোষী ব্যক্তিদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি দেয়া হবে না এই মর্মে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব বরাবর লিগ্যাল নোটিশ পাঠিয়েছেন। অনুসন্ধান করে জানা গেছে, এমডি, এমএস ভর্তি পরীক্ষার সার্কুলারে ঢাকা মেডিকেল কলেজে ভর্তির জন্য যে সব বিষয় উল্লেখ করা হয়েছিল সেগুলো হল- ইউরোলজি, নিউরোলজি, অর্থপেডিকস্, , গাইনি, চক্ষু, ইএনটি, রেডিওলজি, এনেসথেসিয়া ও চাইল্ড সার্জারি। সার্কুলারে জেনারেল সার্জারি বিষয়ের উল্লেখ না থাকলেও ভর্তি পরীক্ষার রেজাল্টশিটের ওয়েটিং লিস্টে সার্জারি বিষয়ের উল্লেখ করে (রোল নং ৪২৫৫, ৩৭৯৫, ৪২৫০, ৪৬০৩, ৪৪১৩, ৩৭০৩, ৩৩৭৪, ৪২০৪, ৩২৭৩ ও ৪১২৯) ১০ জন ছাত্রছাত্রীকে উত্তীর্ণ দেখানো হয়েছে। অনুরূপভাবে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজে ভর্তির সার্কুলারে জেনারেল সার্জারি, চক্ষু ও ইএনটির উল্লেখ থাকলেও গাইনি ও অবস্ বিষয়ের উল্লেখ ছিল না। অথচ এ বিষয়ে (রোল নং ৩২৪৯, ৩৩৮০, ৩০০৮, ৪৩১৭, ৩৫১৭, ৪১৫৮, ৩৮৯৬, ৩৭৯৬, ৪৪৬৮ ও ৩০৮০) ১০

